# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 18 July, 2025

চুয়াডাঙ্গায় ‘জুলাই পুনর্জাগরণ’-২০২৫ উপলক্ষ্যে প্রতীকী ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে আজ শুক্রবার (১৮ জুলাই) সকাল ৭টায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ গেটের সামনে থেকে বেলুন উড়িয়ে ম্যারথন দৌড় প্রতিযোগিতার উদ্বোধন করেন জুলাই যোদ্ধা শহীদ শুভর পিতা আবু সাঈদ। ম্যারাথান প্রতিযোগিতায় শতাধিক প্রতিযোগি অংশগ্রহন করেন এবং সার্কিট হাউজে গিয়ে শেষ হয়।

দুই কিলোমিটার ব্যাপী ম্যারাথন প্রতিযোগিতায় ৭ মিনিট ৫১ সেকেন্ড সময় নিয়ে প্রথম স্থান অধিকার করেন দামুড়হুদা জয়রামপুরের সজল ইসলাম। ৭ মিনিট ৫৪ সেকেন্ড সময় নিয়ে দ্বিতীয় স্থান লাভ করেন আলুকদিয়ার সবুজ এবং ৭ মিনিট ৫৬ সেকেন্ড সময় নিয়ে তৃতীয় স্থান অধিকার করেন বসু ভান্ডারদহের সুজন আলী।

এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম, পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) শারমিন আক্তার, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ, জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল, ফায়ার সার্ভিসের উপ-সহকারী পরিচালক মো. রফিকুজ্জামান, জুলাই শহীদ পরিবারের সদস্যবৃন্দ, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মী এবং বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা কর্মচারীরা উপস্থিত ছিলেন।

ম্যারাথন চুয়াডাঙ্গা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 22:44

URL: https://timestodaybd.com/across-the-country/7758074957